৫০১১৯

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডিএমডি সার্কুলার লেটার নং-১০

তারিখ: ০৫ আষাঢ় ১৪৩২
১৯ জুন ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র যাচাই-বাছাইপূর্বক প্রতিবেদন দাখিলের নিমিত্ত চেকলিস্ট প্রেরণ প্রসঙ্গে।

প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting ও অবমুক্তকরণের আবেদনসমূহ নিষ্পত্তির বিষয়ে জাতীয় সঞ্চয় অধিদপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৭ মে, ২০২৫ তারিখের স্মারক নং-০৮.০৪.০০০০.০১২.১৪.০০৮(অংশ-৫(৩)/২).২৫.২১৮৩ (সংযোজনীসহ) আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত

(ইস্তেকমাল হোসেন)
পরিচালক (ডিএমডি)
ফোন: ৯৫৩০১৩১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
এনএসসি টাওয়ার (১৮তলা)
৬২/৩ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.nationalsavings.gov.bd

গভর্নর অফিস, বাংলাদেশ ব্যাংক	
ডাইরি নং-	তারিখঃ
ডেপুটি গভর্নর-১	☐ জরুরি
ডেপুটি গভর্নর-২	☐ দ্রুত ব্যবস্থা নিন
ডেপুটি গভর্নর-৩	☐ দ্রুত আলোচনা করুন
ডেপুটি গভর্নর-৪	☐ পরীক্ষাপূর্বক উপস্থাপন করুন
হেড অব বিএফআইইউ	☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নির্বাহী পরিচালক-	☐ উপস্থাপন করুন
পরিচালক-	স্বাক্ষরঃ

নং-০৮.০৪.০০০০.০১২.১৪.০০৮(অংশ-৫(৩)/২).২৫.২১৮৩

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ মে ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র যাচাই-বাছাইপূর্বক প্রতিবেদন দাখিলের নিমিত্ত চেকলিস্ট প্রেরণ।

সূত্র: (১) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৬-০২-২০২৫ খ্রি. তারিখের স্মারক নং-০৮.০০.০০০০.০০০.০৪১.২২.০০০৬.২০.৩৫।
(২) জাতীয় সঞ্চয় অধিদপ্তরের স্মারক নং-০৮.০৪.০০০০.০১২.১৪.০০৮.(অংশ-৫(৩)/২).২৫.১৭৮০; তারিখ: ২৮-০৪-২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৬-০২-২০২৫ খ্রি. তারিখে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ে প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র whitelisting করার ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসন সংক্রান্ত অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) যে সকল প্রতিষ্ঠান সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ এর বিধি ৫(৫), ৫(৬) ও ৫(৭) অনুযায়ী অর্থাৎ বিধি দ্বারা স্বীকৃত ভবিষ্য তহবিল এর অর্থ বিনিয়োগ করেছে, চেকলিস্ট অনুযায়ী সে সব সঞ্চয়পত্রের whitelisting কার্যক্রম অবিলম্বে সম্পন্ন করতে হবে।

(খ) আইন দ্বারা সৃষ্ট যে সকল প্রতিষ্ঠানের (স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/সংস্থা/বোর্ড বা CPF) কোন দলিলপত্রে, ১৯২৫ সালের ভবিষ্য তহবিল আইন অনুযায়ী, কর্মচারীদের ভবিষ্য তহবিল গঠনের বিষয়টি উল্লেখ করা হয়নি বা প্রাতিষ্ঠানিক সঞ্চয়পত্র বিনিয়োগকালে উল্লিখিত প্রমাণক জমা প্রদান করা হয়নি সে সকল প্রতিষ্ঠানের কর্মচারীদের জন্য ভবিষ্য তহবিল সংক্রান্ত কোন আইন/বিধি/প্রজ্ঞাপন জারি হয়ে থাকলে তা দাখিলপূর্বক, সে সকল প্রতিষ্ঠান-কে মুনাফা প্রদান করা হবে।

(গ) যে সকল ক্ষেত্রে সঞ্চয়পত্রে বিনিয়োগকারী প্রতিষ্ঠানের TIN ব্যবহার করে বিনিয়োগ করা হয়েছে সে সকল প্রতিষ্ঠানগুলোকে whitelisting করার জন্য প্রতিষ্ঠানের TIN এর পরিবর্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভবিষ্য তহবিলের TIN ব্যবহার করতে হবে। যদি ভবিষ্য তহবিলের নামে TIN না থাকে তবে, নতুন করে TIN সংগ্রহপূর্বক বিনিয়োগকৃত প্রাতিষ্ঠানিক সঞ্চয়পত্রে সংযুক্ত করতে হবে। এছাড়া, প্রাতিষ্ঠানিক বিনিয়োগে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভবিষ্য তহবিলের নামের পরিবর্তে যদি প্রতিষ্ঠানের নাম উল্লেখ থাকে, তবে প্রতিষ্ঠান-কে উল্লিখিত নাম সংশোধনপূর্বক ভবিষ্য তহবিলের TIN অনুযায়ী প্রাতিষ্ঠানিক সঞ্চয়পত্রের শিরোনাম সংশোধন করতে হবে।

(ঘ) সঞ্চয়পত্রে প্রাতিষ্ঠানিক বিনিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিটি নিবন্ধনের বিপরীতে বিনিয়োগ এবং নগদায়নের সাথে সংশ্লিষ্ট সিদ্ধান্ত সংবলিত সভার কার্যবিবরণী/সিদ্ধান্ত বা সংশ্লিষ্ট প্রমাণক এবং চাঁদা কর্তনের প্রমাণক whitelisting এর আবেদনের সাথে সরবরাহ করতে হবে।

(ঙ) ইস্যুকারী অফিস ২০২১ সাল পর্যন্ত যতগুলো প্রাতিষ্ঠানিক সঞ্চয়পত্র ইস্যু করেছে, সেই সকল ইস্যু অফিসে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক একটি চেকলিস্ট/নির্দেশনা প্রেরণপূর্বক যাচাইবাছাই এর অনুরোধ করতে হবে তবং যদি বিধি অনুযায়ী বিনিয়োগ না করা হয় তবে বিধি মোতাবেক সকল দলিলপত্রাদি সংগ্রহপূর্বক, পুনরায় জাতীয় সঞ্চয় অধিদপ্তরে বৈধতার (validation) জন্য প্রেরণ করতে হবে। এছাড়া, ২০২১ পরবর্তী প্রাতিষ্ঠানিক বিনিয়োগসমূহের সঠিকতা যাচাইপূর্বক একটি প্রতিবেদন, সঞ্চয় অধিদপ্তর কর্তৃক অভ্যন্তরীণ সম্পদ বিভাগ-কে প্রেরণের জন্য অনুরোধ করতে হবে।

Bangladesh Bank
Head Office, Dhaka.
Department
Director (DMD)
JUN 2025
Additional Director-1, 2, 3, 4, 5
System Generated No-

বাংলাদেশ ব্যাংক
নির্বাহী পরিচালক- শাখা
ডায়েরী নং- তারিখ-
☐ দ্রুত ব্যবস্থা নিন
☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ আলোচনা করুন
☐ পরীক্ষামূলক উপস্থাপন করুন
পরিচালকঃ
স্বাক্ষরঃ

(চ) যে সকল প্রতিষ্ঠান সঞ্চয়পত্রে বিনিয়োগ করেছে সেটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভবিষ্য তহবিল হতে বিনিয়োগ করেছে কিনা তা যাচাই করার জন্য ব্যাংক স্টেটমেন্ট ও প্রযোজ্য ক্ষেত্রে, নিরীক্ষা প্রতিবেদন/সম্মতি প্রতিবেদন/ আর্থিক প্রতিবেদন/নিরীক্ষা প্রত্যায়ন পত্র জমা প্রদান করবে।

(ছ) ৭০১টি তালিকাবদ্ধ প্রতিষ্ঠান হতে কোন প্রতিষ্ঠান, ১৯৭৭ সালের সঞ্চয়পত্র বিধিমালা, ৫(৫) অনুযায়ী Income Tax Rules, 1984 এর ৪৯(২) এর আওতাভুক্ত না হলে তা যাচাইপূর্বক সঞ্চয় অধিদপ্তর সেসব প্রতিষ্ঠানের একটি তালিকা প্রস্তুত করবে। এছাড়া, কোন প্রতিষ্ঠান নিজস্ব প্রভিডেন্ড ফান্ড ছাড়া অন্য কোন তহবিল হতে সঞ্চয়পত্রে বিনিয়োগ করে থাকলে, সেসব প্রতিষ্ঠানেরও একটি পৃথক তালিকা প্রস্তুত করবে। এক্ষেত্রে, সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ সালের ৫(৫) এর যদি ব্যত্যয় হয়ে থাকে তবে ব্যত্যয় এর কারণ ব্যাখ্যাপূর্বক একটি প্রতিবেদন প্রস্তুত করে উল্লিখিত তালিকার সাথে এ বিভাগে প্রেরণ করবে।

০২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের উপরিউক্ত সিদ্ধান্তসমূহের প্রেক্ষিতে প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র whitelisting ও অবমুক্তিকরণের আবেদনসমূহ নিষ্পত্তি করার লক্ষ্যে আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের জন্য জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রয়োজনীয় ডকুমেন্টসের একটি **চেকলিস্ট** এবং সরকারি স্বার্থ অক্ষুন্ন রাখার প্রয়াসে একটি **অঙ্গীকারনামা প্রস্তুত করা হয়েছে, যা এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।**

০৩। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬-০২-২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত বাস্তবায়নসহ প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র whitelisting ও অবমুক্তিকরণের আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের জন্য প্রেরিত **চেকলিস্টের আলোকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন:**

(ক) চেকলিস্টের আলোকে ০১-০৭-২০১৯ খ্রি. হতে ০৮-১১-২০২১ খ্রি. পর্যন্ত ইস্যুকৃত প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সকল সঞ্চয়পত্র যাচাই-বাছাই সম্পন্ন করে **সঠিক বিনিয়োগ, ব্যত্যয় ঘটিত বিনিয়োগ ও প্রতিষ্ঠানের TIN ভবিষ্য তহবিলের TIN দ্বারা প্রতিস্থাপন ও সঞ্চয়পত্রের শিরোনাম সংশোধন প্রয়োজন**-০৩ (তিন) ক্যাটেগরিতে বিভাজন করে প্রতিবেদন দাখিলকরণ;

(খ) ব্যত্যয়ঘটিত বিনিয়োগের ক্ষেত্রে ব্যত্যয়ের কারণ উল্লেখসহ পৃথক প্রতিবেদন দাখিলকরণ;

(গ) কোন প্রতিষ্ঠান নিজস্ব প্রভিডেন্ড ফান্ড ছাড়া অন্য কোন তহবিল হতে সঞ্চয়পত্রে বিনিয়োগ করে থাকলে, সেসব প্রতিষ্ঠানেরও একটি পৃথক তালিকা প্রেরণ;

০৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ-০৩ এ বর্ণিত **বিষয়ে ০৭ (সাত) কার্যদিবসের** মধ্যে মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা বরাবর প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ আবু তালহা)
উপপরিচালক (নীতি)
ফোনঃ ০২-৪১০৫২৪৬৬
মেইলঃ ddnsdpolicy@gmail.com

বিতরণ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (সঞ্চয়পত্র লেনদেনকারী সকল তফসিলী ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)] ।

২। উপপরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয় (সকল) [আওতাধীন অফিসসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ]।

নং-০৮.০৪.০০০০.০১২.১৪.০০৮(অংশ-৫(৩)/২).২৫.২১৮৩

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ মে ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

২। পরিচালক (নীতি, অডিট ও আইন), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

৩। যুগ্মসচিব (সঞ্চয় ও স্ট্যাম্প অনুবিভাগ), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল/সদরঘাট/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/বগুড়া/রংপুর অফিস।

৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। অফিস কপি / মাস্টার কপি।

২৭।০৫।২০২৫

মো: আবু তালহা
উপপরিচালক (নীতি)

সংক্রান্ত আবেদনসমূহ ... অনুষ্ঠিত কমিটির

'পরিশিষ্ট-খ'

প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র যাচাই-বাছাইপূর্বক Whitelisting ও অবমুক্তকরণের চেকলিস্ট

ক্রম	সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ (সংশোধিত ২০১৫)	প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting ও অবমুক্তকরণের ডকুমেন্টসের চেকলিস্ট	প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ডকুমেন্টসের তালিকা	সুপারিশ/মন্তব্য
.০১	বিধি ৫(৫): "<u>Recognized provident fund as defined in Sub-Rule-2 of Rule-49 of the Income Tax Rules, 1984 (Part-II)...</u>"	১. কোম্পানি আইন, ১৯১৩ (১৯১৩ সনের ৭ নং আইন) এর ধারা ২(২) মোতাবেক অথবা কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২(১)(ঘ) মোতাবেক গঠিত ও নিবন্ধিত কোম্পানি হিসেবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র [The Income Tax Rules, 1984 (Part-II) এর বিধি ৪৯(২) অনুযায়ী সংজ্ঞায়িত প্রতিষ্ঠান তথা বিধি ৪৯(২) এর রেফারেন্স মতে]; ২. কর কমিশনার কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রভিডেন্ট ফান্ডের স্বীকৃতিপত্র [The Income Tax Ordinance, 1984 এর First Schedule, Part B এর সেকশন-২(১) অনুযায়ী]; ৩. ভবিষ্য তহবিলের নামে করদাতা সনাক্তকরণ নম্বর (TIN) [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৪. ভবিষ্য তহবিলের নামে ব্যাংক হিসাবের হিসাব বিবরণী [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৫. ভবিষ্য তহবিলের নামে ব্যাংক হিসাবের MICR চেকের ফটোকপি [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৬. ভবিষ্য তহবিলের অর্থ সঞ্চয়পত্রে বিনিয়োগ করার বিষয়ে পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণীর কপি এবং সঞ্চয়পত্র ক্রয়ের আবেদনপত্রে স্বাক্ষরকারী অন্তত: দুইজন কর্মকর্তার নাম-ও পদবী [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৭. ট্রাস্টি বোর্ড গঠন সংক্রান্ত অফিস আদেশ [SPFMS কর্তৃক অনলাইনে প্রদত্ত তালিকা অনুযায়ী] /আর্টিকল অব এসোসিয়েশন/মেমোরেন্ডাম [কমিটির সুপারিশ অনুযায়ী]; ৮. সঞ্চয়পত্রে বিনিয়োগকৃত অর্থ নগদায়নের বিষয়ে পরিচালনা পর্ষদের সভার		

CS CamScanner

ক্রম	সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ (সংশোধিত ২০১৫)	প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting ও অবমুক্তকরণের ডকুমেন্টসের চেকলিস্ট	প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ডকুমেন্টসের তালিকা	সুপারিশ/মন্তব্য
		কার্যবিবরণীর কপি [প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting করার ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসন সংক্রান্ত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬-০২-২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক]; ৯. Signatory-দের নমুনা স্বাক্ষর সম্বলিত অফিস আদেশ এর কপি [SPFMS কর্তৃক অনলাইনে প্রদত্ত তালিকা অনুযায়ী]; ১০. সঞ্চয়পত্র ক্রয়কালীন ভবিষ্য তহবিলের চাঁদা কর্তনের প্রমাণক (বেতন রেজিস্টারের সংক্ষিপ্ত বিবরণী) [প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting করার ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসন সংক্রান্ত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬-০২-২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক]; ১১. সঞ্চয়পত্র ক্রয়কালীন প্রতিষ্ঠানের নিরীক্ষিত আর্থিক বিবরণী [অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৫-০৭-২০২২ খ্রি. তারিখের ৩৪ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী]; ১২. সঞ্চয়পত্র ক্রয়কালীন প্রভিডেন্ট ফান্ডের নিরীক্ষিত আর্থিক বিবরণী [অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৫-০৭-২০২২ খ্রি. তারিখের ৩৪ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী]; ১৩. সঞ্চয়পত্রের স্ক্রিপের ফটোকপি (সত্যায়িত) [কমিটির সুপারিশ মোতাবেক]; ১৪. প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি [কমিটির সুপারিশ মোতাবেক]; ১৫. প্রতিষ্ঠানের TIN দ্বারা ক্রয়কৃত সঞ্চয়পত্র ভবিষ্য তহবিলের TIN দ্বারা প্রতিস্থাপন করতে হবে এবং সঞ্চয়পত্রের শিরোনাম সংশোধন করতে হবে [প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting করার ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসন সংক্রান্ত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬-০২-২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক]।		
	বিধি ৫(৫): "... <u>and those governed by the Provident Funds</u>	১. প্রতিষ্ঠানটি আইন দ্বারা সৃষ্ট মর্মে সরকারি আদেশ [গেজেট/প্রজ্ঞাপন] এর কপি [প্রতিষ্ঠান ও ফান্ডের ধরণ চিহ্নিত করার স্বার্থে কমিটির সুপারিশ মোতাবেক]; ২. উক্ত প্রতিষ্ঠানের প্রভিডেন্ট ফান্ড Provident Funds Act, 1925		

ক্রম	সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ (সংশোধিত ২০১৫)	প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting ও অবমুক্তকরণের ডকুমেন্টসের চেকলিস্ট	প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ডকুমেন্টসের তালিকা	সুপারিশ/মন্তব্য
	Act, 1925 (XIX of 1925)."	(XIX of 1925) অনুযায়ী পরিচালিত মর্মে সরকারি আদেশ [গেজেট/প্রজ্ঞাপন/বিধিমালা/প্রবিধানমালা] এর কপি [সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ (২০১৫ পর্যন্ত সংশোধিত) এর বিধি ৫(৫) অনুযায়ী]; ৩. ভবিষ্য তহবিলের নামে করদাতা সনাক্তকরণ নম্বর (TIN) [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৪. ভবিষ্য তহবিলের নামে ব্যাংক হিসাবের হিসাব বিবরণী [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৫. ভবিষ্য তহবিলের নামে ব্যাংক হিসাবের MICR চেকের ফটোকপি [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৬. ভবিষ্য তহবিলের অর্থ সঞ্চয়পত্রে বিনিয়োগ করার বিষয়ে পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণীর কপি এবং সঞ্চয়পত্র ক্রয়ের আবেদনপত্রে স্বাক্ষরকারী অন্তত: দুইজন কর্মকর্তার নাম ও পদবী [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৭. ট্রাস্টি বোর্ড গঠন সংক্রান্ত অফিস আদেশ [SPFMS কর্তৃক অনলাইনে প্রদত্ত তালিকা অনুযায়ী] /আর্টিকল অব এসোসিয়েশন/মেমোরেন্ডাম [কমিটির সুপারিশ অনুযায়ী]; ৮. সঞ্চয়পত্রে বিনিয়োগকৃত অর্থ নগদায়নের বিষয়ে পরিচালনা পর্ষদের সভার কার্যবিবরণীর কপি [প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting করার ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসন সংক্রান্ত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬-০২-২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক]; ৯. Signatory-দের নমুনা স্বাক্ষর সম্বলিত অফিস আদেশ এর কপি [SPFMS কর্তৃক অনলাইনে প্রদত্ত তালিকা অনুযায়ী]; ১০. সঞ্চয়পত্র ক্রয়কালীন ভবিষ্য তহবিলের চাঁদা কর্তনের প্রমাণক (বেতন		

ক্রম	সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ (সংশোধিত ২০১৫)	প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting ও অবমুক্তকরণের ডকুমেন্টসের চেকলিস্ট	প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ডকুমেন্টসের তালিকা	সুপারিশ/মন্তব্য
		রেজিস্টারের সংক্ষিপ্ত বিবরণী) [প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting করার ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসন সংক্রান্ত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬-০২-২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক]; ১১. সঞ্চয়পত্র ক্রয়কালীন প্রতিষ্ঠানের নিরীক্ষিত আর্থিক বিবরণী [অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৫-০৭-২০২২ খ্রি. তারিখের ৩৪ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী]; ১২. সঞ্চয়পত্র ক্রয়কালীন প্রভিডেন্ট ফান্ডের নিরীক্ষিত আর্থিক বিবরণী [অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৫-০৭-২০২২ খ্রি. তারিখের ৩৪ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী]; ১৩. সঞ্চয়পত্রের স্ক্রিপের ফটোকপি (সত্যায়িত) [কমিটির সুপারিশ মোতাবেক]; ১৪. প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি [কমিটির সুপারিশ মোতাবেক]; ১৫. প্রতিষ্ঠানের TIN দ্বারা ক্রয়কৃত সঞ্চয়পত্র ভবিষ্য তহবিলের TIN দ্বারা প্রতিস্থাপন করতে হবে এবং সঞ্চয়পত্রের শিরোনাম সংশোধন করতে হবে [প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting করার ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসন সংক্রান্ত অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬-০২-২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক]।		
০২	বিধি ৫(৬): Any income from fisheries, poultry, production of pelleted poultry feed production of seeds, marketing of locally produced seeds, cattle farming, dairy farming, horticulture, frog farming,	১. আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৬ষ্ঠ তফসিল এর পার্ট-এ এর প্যারাগ্রাফ ৩৪ অনুযায়ী সংশ্লিষ্ট উপ কর কমিশনারের প্রত্যয়ন [সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ (২০১৫ পর্যন্ত সংশোধিত) এর বিধি ৫(৬) অনুযায়ী]; ২. আয়কর অফিসে দাখিলকৃত আয় বিবরণীর (Income Statement) কপি/ ফার্মের নিরীক্ষিত আর্থিক বিবরণী [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৩. ফার্মের করদাতা সনাক্তকরণ নম্বর (TIN) [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৪. ফার্মের ব্যাংক হিসাব বিবরণী (Bank Statement) [০৮-১১-২০২১ খ্রি.		

ক্রম	সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ (সংশোধিত ২০১৫)	প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting ও অবমুক্তকরণের ডকুমেন্টসের চেকলিস্ট	প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ডকুমেন্টসের তালিকা	সুপারিশ/মন্তব্য
	mushroom farming, floriculture, sericulture as described in Paragraph 34 of Part-A of Sixth Schedule of the Income Tax Ordinance, 1984 and subject to condition that persons will produce a certificate from the concerned Deputy Commissioner of Taxes stating that persons have income from such sources.	তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৫. ফার্মের নামে ব্যাংক হিসাবের MICR চেক এর কপি [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৬. ফার্মের স্বত্তাধিকারীর ছবি ও জাতীয় পরিচয়পত্রের (NID) কপি [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৭. সঞ্চয়পত্রের স্ক্রিপের ফটোকপি (সত্যায়িত) [কমিটির সুপারিশ মোতাবেক]; ৮. ফার্মের নাম পরিবর্তনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি [কমিটির সুপারিশ মোতাবেক];		
০৩	বিধি ৫(৭): (ক) An educational institution established for autistic or any other institution which works to support autistic, Provided that the profit should be used to support autistic and it must be certified by concern District Social	১. সংশ্লিষ্ট জেলা সমাজসেবা অফিস কর্তৃক প্রতিষ্ঠান নিবন্ধনের সনদপত্র [সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ (২০১৫ পর্যন্ত সংশোধিত) এর বিধি ৫(৬) অনুযায়ী]; ২. বিনিয়োগকৃত অর্থের মুনাফা অটিস্টিকদের/ দুঃস্থ ও অনাথ শিশুদের/ প্রবীণদের সহায়তায় ব্যবহৃত হবে মর্মে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা অফিসের প্রত্যয়নপত্র [সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ (২০১৫ পর্যন্ত সংশোধিত) এর বিধি ৫(৬) অনুযায়ী]; ৩. প্রতিষ্ঠানের করদাতা সনাক্তকরণ নম্বর (TIN) [অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৫-০৭-২০২২ খ্রি. তারিখের ৩৪ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী]; ৪. প্রতিষ্ঠানের নিরীক্ষিত আর্থিক বিবরণী [কমিটির সুপারিশ মোতাবেক]; ৫. প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব বিবরণী (Bank Statement) [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক];		

ক্রম	সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ (সংশোধিত ২০১৫)	প্রাতিষ্ঠানিক বিনিয়োগের সঞ্চয়পত্র Whitelisting ও অবমুক্তকরণের ডকুমেন্টসের চেকলিস্ট	প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ডকুমেন্টসের তালিকা	সুপারিশ/মন্তব্য
	Services Office. (খ) দুঃস্থ ও অনাথ শিশুদের নিবন্ধিত আশ্রয় প্রতিষ্ঠান (অনাথ আশ্রম, শিশু পরিবার, এতিমখানা ইত্যাদি) (গ) প্রবীণদের জন্য নিবন্ধিত আশ্রয় কেন্দ্র	৬. প্রতিষ্ঠানের নামে ব্যাংক হিসাবের MICR চেক এর কপি [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৭. সঞ্চয়পত্রের হিসাব পরিচালনাকারী অন্তত: দুইজন কর্মকর্তার নাম ও পদবী, ছবি ও জাতীয় পরিচয়পত্রের (NID) কপি [০৮-১১-২০২১ খ্রি. তারিখে জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন মোতাবেক]; ৮. সঞ্চয়পত্রের স্ক্রিপের ফটোকপি (সত্যায়িত) [কমিটির সুপারিশ মোতাবেক]; ৯. প্রতিষ্ঠানের নাম পরিবর্তনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি [কমিটির সুপারিশ মোতাবেক];		

২৪/০৫/২০২৫
(মোঃ আমান উল্যা)
সহকারী পরিচালক (পলিসি)
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অর্থ মন্ত্রণালয়

২৪/০৫/২০২৫
তাহমিনা শিরিন
সহকারী পরিচালক (ব্যুরো)
জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

২৪/৫/২০২৫
(মোহাম্মদ খলিলুর রহমান)
সহকারী পরিচালক (ক্যাশ)
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
প্রাতিষ্ঠানিক সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২৪/৫/২০২৫
মোঃ আবু তালহা
উপপরিচালক (নীতি, অডিট ও আইন)
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অর্থ মন্ত্রণালয়

CS CamScanner

পরিশিষ্ট-'খ' ১৫৮

অঙ্গীকারনামা

আমরা .... এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডের পক্ষে নিম্নস্বাক্ষরকারীগণ এই মর্মে ঘোষণা করিতেছি যে, ... প্রতিষ্ঠানের স্বীকৃত ভবিষ্য তহবিলের অর্থ সঞ্চয়পত্রে বিনিয়োগ করিয়াছি। বিনিয়োগকালীন অথবা বিনিয়োগ পরবর্তী সময়ে যদি কর্তৃপক্ষের নিকট বিধি/নিয়ম পরিপন্থি কোন তথ্য উৎঘাটিত হয় অথবা বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ পরিলক্ষিত হয় অথবা প্রমাণ পাওয়া যায় যে, আমাদের প্রতিষ্ঠানের স্বীকৃত ভবিষ্য তহবিলের অর্থ সঞ্চয়পত্রে বিধিসম্মতভাবে বিনিয়োগ করা হয় নাই; অথচ বিনিয়োগকৃত তহবিলের বিপরীতে মুনাফা হিসেবে দাবীকৃত অর্থ আমাদের প্রতিষ্ঠানের অনুকূলে পরিশোধিত হইয়াছে। সেই ক্ষেত্রে, মুনাফা হিসেবে পরিশোধিত অর্থ পুনরুদ্ধারযোগ্য হইবে এবং এইরূপে পরিশোধিত অর্থ দাবী করিবার সাথে সাথে আমাদের প্রতিষ্ঠান তাৎক্ষণিকভাবে সরকারি খাতে ফেরত প্রদান করিতে বাধ্য থাকিবে। অন্যথায় আমাদের/প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারি অর্থ আদায়ের ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধানের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং উহাতে আমাদের প্রতিষ্ঠানের কোন আপত্তি থাকিবে না।

আমরা সুস্থ মস্তিষ্কে, স্বজ্ঞানে ও অন্যের বিনা প্ররোচনায় স্বেচ্ছায় প্রতিষ্ঠানের পক্ষে ক্ষমতা প্রাপ্ত হইয়া নিম্ন সাক্ষীগণের সম্মুখে বর্ণিত অঙ্গীকারনামায় স্বাক্ষর প্রদান করিলাম।

প্রতিষ্ঠানের পক্ষে হিসাব পরিচালনাকারীর স্বাক্ষর:	প্রতিষ্ঠানের পক্ষে হিসাব পরিচালনাকারীর স্বাক্ষর:	প্রতিষ্ঠানের পক্ষে হিসাব পরিচালনাকারীর স্বাক্ষর:
নাম:	নাম:	নাম:
এনআইডি নম্বর:	এনআইডি নম্বর:	এনআইডি নম্বর:
পদবি:	পদবি:	পদবি:
প্রতিষ্ঠানের নাম:	প্রতিষ্ঠানের নাম:	প্রতিষ্ঠানের নাম:
সীলমোহর:	সীলমোহর:	সীলমোহর:
মোবাইল নং-	মোবাইল নং-	মোবাইল নং-

সাক্ষীগণের স্বাক্ষর:

১।	২।	৩।
স্বাক্ষর:	স্বাক্ষর:	স্বাক্ষর:
নাম:	নাম:	নাম:
মোবাইল নম্বর:	মোবাইল নম্বর:	মোবাইল নম্বর:
এনআইডি নম্বর:	এনআইডি নম্বর:	এনআইডি নম্বর

Scanned with CamScanner